

২৩ জানুয়ারি

জাহাঙ্গীরনগর ভাসিটিতে যৌন নিপীড়নে অভিযুক্ত শিক্ষকের স্থায়ী অপসারণ দাবি

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে
সংবাদদাতা ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের যৌন
নিপীড়নে অভিযুক্ত বাংলা বিভাগের শিক্ষক
গোলাম মোস্তফার স্থায়ী অপসারণের দাবিতে
ক্রাস ও পরীক্ষা বর্জন করেছে বিভাগের
শিক্ষার্থীরা। প্রতিবাদী সাংস্কৃতিক অনুষ্ঠান ও
সমাবেশ করেছে আন্দোলনরত শিক্ষার্থীরা।
গতকাল শনিবার পুরনো কলাভবন চত্বরে
অনুষ্ঠিত সমাবেশে শিক্ষকের স্থায়ী অপসারণের
দাবি জানানো হয়। (১৯শ পৃঃ ১-এর কঃ প্রঃ)

জাহাঙ্গীরনগর ভাসিটিতে

(২০শ পৃঃ পর)

দাবি পূরণ না হওয়া পর্যন্ত তারা ক্রাস ও পরীক্ষা
বর্জনের ঘোষণা দেয়। উল্লেখ্য, এই শিক্ষকের
বিরুদ্ধে একই বিভাগের দশ জন স্থায়ী যৌন
নিপীড়নের অভিযোগ তোলে। সত্যাসত্য যাচাই
কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে ২৩ ডিসেম্বর
অনুষ্ঠিত জরুরি সিন্ডিকেট সভায় অভিযুক্ত
শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়। এবং
তদন্ত কমিটির সদস্য ড. নঈম সুলতান বলেন,
সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করেই অভিযুক্তের
বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।